

উপজেলা আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : সুবর্ণা সরকার  
 সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ  
 সভার তারিখ : ৩১/১০/২০১৯ খ্রীঃ  
 সময় : ১০.০০ ঘটিকায়

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে উপজেলা আইসিটি কমিটি এর কার্য পরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করা হয়।

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	বাস্তবায়ন
০১	উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদ করণ	উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে তাদের স্ব স্ব তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ ও প্রত্যেক দপ্তরের নোটিশ, খবর নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাভ পরিদর্শন ও প্রশিক্ষণের আয়োজন	শেখ রাসেল ডিজিটাল ল্যাভ নিয়মিত পরিদর্শন ও ল্যাভে ব্যাচ করে প্রশিক্ষণ চলমান রাখার বিষয় এবং শেখ রাসেল ডিজিটাল ল্যাভে শিক্ষকদের ইনহাউজ প্রশিক্ষণ শুরু করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা আইসিটি কমিটির সদস্য ও সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।
০৩	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন	মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমের কার্যক্রম বাস্তবায়ন ও পরিদর্শন করা। যেসব শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমের সমস্যা আছে সেগুলো চিহ্নিত করা এবং প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন করে (MMC) ক্লাসের নিয়মকানুন অবহিত করনের বিষয়ের আলোচনা করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৪	উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ই-ফাইলিং সিস্টেম (ই-নথি) এর ব্যবহার	প্রাপ্ত পত্র সমূহ ই-নথি সিস্টেমে এন্ট্রি করে নিষ্পত্তি ও পত্র জারী করা ও ইনহাউজ প্রশিক্ষণ চালু করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা নির্বাহী অফিস, উপজেলা ভূমি অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা সমবায় অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
০৫	সরকারী ইমেইল ব্যবহার	সরকারি নির্দেশনা মোতাবেক রাষ্ট্রীয় নিরাপত্তার লক্ষ্যে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার পরিহার করে সরকারি ই-মেইল ব্যবহার নিশ্চিত করতে হবে।	উপজেলার সকল দপ্তর প্রধান
০৬	উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রশিক্ষণ	উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকরণের জন্য সপ্তাহে এক দিন করে প্রশিক্ষণের আয়োজন করা হবে। সকল দপ্তর প্রধানের কাছে কর্মচারীদের তালিকা প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান ও উপজেলা আইসিটি অধিদপ্তর
০৭	জাতীয় ই-গভ নেটওয়ার্কের ব্যবহার সংক্রান্ত আলোচনা	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক ইনফো-সরকার ২ প্রকল্পের আওতায় সরকারি দপ্তরসমূহে স্থাপিত নেটওয়ার্ক ব্যবহারের ক্ষেত্রে কোন কোন দপ্তরে কি কি সমস্যা তা চিহ্নিত করা ও তালিকা প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা পর্যায়ের কর্মকর্তা ও সহকারী প্রোগ্রামার
০৮	বিবিধ	ইনফো সরকার ফেইজ ৩ এর যে সকল ইউনিয়নগুলোতে ইন্টারনেট কানেকশন আছে তার পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেকশন প্রদান করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামার

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 ( সুবর্ণা সরকার )

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিটি কমিটি


মুক্তাগাছা, ময়মনসিংহ।

স্মারক নং- ৫৬.০৪.৬১৬৫.০০০.০৬.০০৩.১৯- ০৯

তারিখ: ১৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
৩১ অক্টোবর ২০১৯খ্রি:

অনুলিপিঃ সদয় কার্যার্থে এবং জ্ঞাতার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জনাব ফাহমী গোলন্দাজ বাবেল, (নির্বাচনী এলাকা-১৫৫, ময়মনসিংহ -১০) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২. জনাব মনিরা সুলতানা (নির্বাচনী এলাকা-৩২৬, মহিলা আসন-২৬) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য )
৪. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ।
৭. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ।
৮. উপজেলা ..... আইসিটি কমিটির সদস্য, মুক্তাগাছা, ময়মনসিংহ।
৯. অফিস কপি।



(মাহমুদা আখতার)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়

মুক্তাগাছা, ময়মনসিংহ।

ও

সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি